CENTRAL LIBRARY N.C.COLLEGE

2024/TDC (CBCS)/EVEN/SEM/
BNGHCC–202T/067

**TDC (CBCS) EVEN Semester Exam., 2024**

# BENGALI

( Honours )

**( 2nd Semester )**

Course No. : BNGHCC–202T

**( উনিশ শতকের বাংলা গদ্য ও নাটক )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'সীতার বনবাস' গ্রন্থটি প্রথম কবে প্রকাশিত হয়? এই গ্রন্থের পরিচ্ছেদ সংখ্যা কত?

(খ) 'সীতার বনবাস' গ্রন্থ ছাড়া বিদ্যাসাগরের অন্য দুটি অনুবাদমূলক গ্রন্থের নাম লেখো।

(গ) 'উত্তররামচরিত' নাটকটি কার রচনা? 'সীতার বনবাস' গ্রন্থের প্রথম ও দ্বিতীয় পরিচ্ছেদ 'উত্তররামচরিত' নাটকের কোন্ অঙ্ক অবলম্বনে রচিত?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) "বাংলা গদ্যে যতি সন্নিবেশ করে, পদবন্ধে ভাগ করে এবং সুললিত শব্দবিন্যাস করে বিদ্যাসাগর তথ্যের ভাষাকে রসের ভাষায় পরিণত করেন।" বিদ্যাসাগর রচিত 'সীতার বনবাস' থেকে উপযুক্ত উদাহরণ চয়ন করে মন্তব্যটি বিশ্লেষণ করো।

(খ) 'সীতার বনবাস' গ্রন্থের রাম চরিত্র সৃষ্টিত বিদ্যাসাগরের যে মৌলিকতার পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।

## UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'বিবিধ প্রবন্ধ' গ্রন্থটির প্রথম ভাগ কত সালে প্রকাশিত হয়? 'বিবিধ প্রবন্ধ' গ্রন্থ ছাড়া বঙ্কিমচন্দ্রের অন্য যে কোনো একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(খ) বঙ্কিমচন্দ্র কাব্যকে কয়টি শ্রেণিতে বিভক্ত করেছেন? এর মধ্যে গীতিকাব্য কোন্ শ্রেণিভুক্ত?

(গ) 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? "জীবের শত্রু জীব, মনুষ্যের শত্রু মনুষ্য ;" বাঙ্গালী কৃষকের শত্রু কে?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'শকুন্তলা, মিরন্দা এবং দেস্‌দিমোনা' প্রবন্ধ অবলম্বনে শকুন্তলা চরিত্রের সঙ্গে অন্য দুটি চরিত্রের সাদৃশ্য-বৈসাদৃশ্য আলোচনা করো।

(খ) 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের ইতিহাস চেতনার স্বরূপ বিশ্লেষণ করো।





## UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটির প্রথম দৃশ্যের সূচনায় কার গৃহের উল্লেখ রয়েছে? এই প্রহসনে কয়টি অঙ্ক রয়েছে?

(খ) নবকুমারের স্ত্রীর নাম কী? প্রসন্নময়ী কে?

(গ) "কাল প্রাতেই আমি তোমাদের সকলকে সঙ্গে নিয়ে শ্রীবৃন্দাবনে যাত্রা করবো! এ লক্ষ্মীছাড়াকে আর এখানে রেখে কাজ নেই।" এই উক্তির বক্তা কে? 'লক্ষ্মীছাড়া' বলতে এখানে কাকে বোঝানো হয়েছে?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে সমকালীন সমাজ-জীবনের যে পরিচয় ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসন অবলম্বনে হরকামিনী চরিত্রটি আলোচনা করো।

## UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'নীলদর্পণ' নাটকের নাট্যকার কোন্ ছদ্মনামে ভূমিকাটি লিখেছিলেন? এই নাটকে মোট কয়টি অঙ্ক রয়েছে?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(খ) গোলোকচন্দ্র বসু কোন্ গ্রামে বাস করতেন? তাঁর কনিষ্ঠ পুত্রের নাম কী?

(গ) 'নীলদর্পণ' নাটকে উল্লিখিত নীলকর সাহেব দুজনের নাম লেখো।

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'নীলদর্পণ' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'নীলদর্পণ' নাটকের নারীচরিত্রগুলোর প্রাসঙ্গিকতা সম্পর্কে আলোচনা করো।

## UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'বিসর্জন' নাটকটি কত সালে প্রকাশিত হয়? 'বিসর্জন' নাটক ছাড়া রবীন্দ্রনাথের অন্য একটি নাটকের নাম লেখো।

(খ) 'বিসর্জন' নাটকে দেবী প্রতিমাকে কে, কোথায় বিসর্জন দিয়েছিলেন?

(গ) "কে বলিল হত্যাকাণ্ড পাপ!
এ জগৎ মহা হত্যাশালা।"

কে, কাকে উদ্দেশ্য করে এ উক্তি করেছেন?





১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) "এই নাটকে বরাবর এই দুটি ভাবের মধ্যে বিরোধ বেধেছে, প্রেম আর প্রতাপ।" 'বিসর্জন' নাটক অবলম্বনে রবীন্দ্রনাথের এই মন্তব্যের যথার্থতা বিচার করো।

(খ) 'বিসর্জন' নাটকের রঘুপতি চরিত্র সম্পর্কে আলোচনা করো।

★★★



2024/TDC (CBCS)/EVEN/SEM/
BNGHCC–202T/067